রেজিঃ নং-সি/৪৯১
৪১০২-এ ১৯৭৩-৭৪
৭১

# বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

**BANGLADESH MOTOR PARTS & TYRE TUBE MERCHANT'S ASSOCIATION**

কেন্দ্রিয় কার্যনির্বাহী কমিটির দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬) (২০২৬-২০২৭)

**Election Office :** 9, North Brook Hall Road (1st Floor), Dhaka -1100, Bangladesh.
Phone : 47110402, Mob : +8801331445179, E-mail : bmpttma@yahoo.com

Ref :

Date : ১৩-০৫-২০২৫ইং

## -ঃ কর্মকর্তা নির্বাচনের নোটিশ ঃ-

বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতির কেন্দ্রিয় কার্যনির্বাহী কমিটির দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬) (২০২৬-২০২৭) এর **কর্মকর্তা নির্বাচনের** জন্য বাণিজ্য মন্ত্রানালয়ের জারীকৃত ৩১-০৭-২০০২ এর টি. ও. রুলস মোতাবেক তফসিল ঘোষনা করা হইল।

## দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬)(২০২৬-২০২৭) এর কর্মকর্তা নির্বাচনী তফসিল

| | |
|---|---|
| ক) কর্মকর্তা নির্বাচনের নোটিশ বিতরণ | ঃ ১৩-০৫-২০২৫ইং রোজ মঙ্গলবার। |
| খ) নির্বাচনের তারিখ ও সময় | ঃ ১৪-০৫-২০২৫ইং রোজ বুধবার সময় বিকাল ৪:৩০ মিনিট। |
| গ) নির্বাচনের স্থান | ঃ নির্বাচন কমিশনের কার্যালয় : ৯, নর্থ ব্রুক হল রোড, ঢাকা। |
| ঘ) মনোনয়ন পত্র বিক্রয় | ঃ ১৩-০৫-২০২৫ইং রোজ মঙ্গলবার বিকাল ৩:০০ টা থেকে ১৪-০৫-২০২৫ইং রোজ বুধবার সকাল ১১:০০ টা পর্যন্ত। |
| ঙ) মনোনয়ন পত্র দাখিলের তারিখ ও শেষ সময় | ঃ ১৪-০৫-২০২৫ইং রোজ বুধবার দুপুর ১:৩০ মিনিট। |
| চ) মনোনয়ন পত্র বাছাইয়ের তারিখ ও সময় | ঃ ১৪-০৫-২০২৫ ইং রোজ বুধবার দুপুর ২:০০ টা। |
| ছ) মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ সময় | ঃ ১৪-০৫-২০২৫ইং রোজ বুধবার দুপুর ৩:০০ টা। |
| জ) কর্মকর্তা নির্বাচন সম্পন্ন ও ফলাফল প্রকাশ | ঃ ১৪-০৫-২০২৫ইং রোজ বুধবার বিকাল ৫:০০ টা। |
| ঝ) কর্মকর্তা নির্বাচন ও ফলাফলের বিরুদ্ধে আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিল/ নিষ্পত্তির তারিখ ও সময় | ঃ ১৪-০৫-২০২৫ইং রোজ বুধবার বিকাল ৬:০০ টা। |

(খায়রুল বাসার সেলিম)
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

(মোঃ শরিফ উদ্দিন)
সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

(মোঃ শরিফুল ইসলাম)
সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

রেজিঃ নং-সি/৪৯১
৪১০২-বি ১৯৭৩-৭৪
৭১

# বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

**BANGLADESH MOTOR PARTS & TYRE TUBE MERCHANT'S ASSOCIATION**

কেন্দ্রিয় কার্যনির্বাহী কমিটির দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬)(২০২৬-২০২৭)

**Election Office :** 9, North Brook Hall Road (1st Floor), Dhaka -1100, Bangladesh.
Phone : 47110402, E-mail : bmpttma@yahoo.com

নির্বাচন বোর্ড ২০২৫-২০২৭ বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

Ref : বাঃমপাস-নির্বাচন-১১/২০২৫ Date : ০৫-০৩-২০২৫ইং

## -ঃ নির্বাচনের নোটিশ ঃ-

বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতির কেন্দ্রিয় কার্যনির্বাহী কমিটির দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬) (২০২৬-২০২৭) এর জন্য নির্বাচন তফসিল, নির্বাচন আচরন বিধি, সমিতির সংঘবিধি ও বাণিজ্য মন্ত্রানালয়ের জারীকৃত ১৯৯৪ ও ২০০২ সনের টি, ও, রুলস মোতাবেক প্রকাশ করা হইল।

## দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬)(২০২৬-২০২৭) এর তফসিল

| | |
|---|---|
| ক) নির্বাচনের তারিখ ও সময়। | ঃ ২৯-০৫-২০২৫ইং বৃহস্পতিবার (সময় সকাল ৯:০০ টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত বিরতিহীন ভাবে ভোট গ্রহণ করা হইবে)। |
| খ) নির্বাচনের স্থান। | ঃ স্ব স্ব কেন্দ্রে অনুষ্ঠিত হইবে। |
| গ) দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬)(২০২৬-২০২৭) এর নোটিশ বিতরণ। | ঃ ০৫-০৩-২০২৫ইং বুধবার। |
| ঘ) ভোটার তালিকা তৈরীর জন্য সদস্যদের বার্ষিক চাঁদা পরিশোধের শেষ তারিখ। | ঃ ২৭-০৩-২০২৫ইং বৃহস্পতিবার। |
| ঙ) প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ। | ঃ ০৮-০৪-২০২৫ইং মঙ্গলবার। |
| চ) প্রাথমিক ভোটার তালিকার উপর আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের সর্বশেষ তারিখ। | ঃ ১৩-০৪-২০২৫ইং রবিবার। |
| ছ) আপীল বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকার আপত্তির উপর শুনানি ও সিদ্ধান্ত গ্রহণ। | ঃ ১৫-০৪-২০২৫ইং মঙ্গলবার। |
| জ) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ। | ঃ ১৬-০৪-২০২৫ইং বুধবার। |
| ঝ) মনোনয়নপত্র বিতরণ। | ঃ ১৯-০৪-২০২৫ইং শনিবার। |
| ঞ) নির্বাচনে প্রার্থীর মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ। | ঃ ২৬-০৪-২০২৫ইং শনিবার। |
| ট) মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ। | ঃ ২৮-০৪-২০২৫ইং সোমবার। |

| | | |
|---|---|---|
| চেয়ারম্যান<br>নির্বাচন বোর্ড<br>বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি<br>দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৭)ইং | সদস্য<br>নির্বাচন বোর্ড<br>বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি<br>দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৭)ইং | সদস্য<br>নির্বাচন বোর্ড<br>বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি<br>দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৭)ইং |

রেজিঃ নং-সি/৪৯১
৪১০২-বি ১৯৭৩-৭৪
৭১

# বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

## BANGLADESH MOTOR PARTS & TYRE TUBE MERCHANT'S ASSOCIATION

কেন্দ্রিয় কার্যনির্বাহী কমিটির দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬)(২০২৬-২০২৭)

**Election Office :** 9, North Brook Hall Road (1st Floor), Dhaka -1100, Bangladesh.
Phone : 47110402, E-mail : bmpttma@yahoo.com

নির্বাচন বোর্ড ২০২৫-২০২৭

Ref : বামপাস-নির্বাচন-১১/২০২৫ Date : ০৫-০৩-২০২৫ইং

| | | |
|---|---|---|
| ঠ) | বৈধ মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশের তারিখ। | ঃ ২৯-০৪-২০২৫ইং ইং মঙ্গলবার। |
| ড) | মনোনয়নপত্র বাতিল সর্ম্পকে আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের শেষ তারিখ। | ঃ ৩০-০৪-২০২৫ইং বুধবার। |
| ঢ) | মনোনয়নপত্র বাতিল সর্ম্পকিত দাখিলকৃত আপত্তির উপর শুনানি ও সিদ্ধান্ত গ্রহণ। | ঃ ০৩-০৫-২০২৫ইং শনিবার। |
| ণ) | বৈধ মনোনীত প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশের তারিখ । | ঃ ০৪-০৫-২০২৫ইং রবিবার। |
| ত) | প্রার্থীপদ প্রত্যাহারের সর্বশেষ তারিখ। | ঃ ১০-০৫-২০২৫ইং শনিবার। |
| থ) | চুড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ। | ঃ ১২-০৫-২০২৫ইং সোমবার। |
| দ) | নির্বাচনের পর্যবেক্ষক নিয়োগ। | ঃ ১৫-০৫-২০২৫ইং বৃহস্পতিবার। |
| ধ) | নির্বাচনের তারিখ। | ঃ ২৯-০৫-২০২৫ইং বৃহস্পতিবার। |
| ন) | ভোট গণনা ও ফলাফল প্রকাশ। | ঃ ৩০-০৫-২০২৫ইং শুক্রবার। |
| প) | কর্মকর্তা নির্বাচনের তফসিল/নোটিশ প্রদান | ঃ ৩১-০৫-২০২৫ইং শনিবার। |
| ফ) | কর্মকর্তা নির্বাচন ও ফলাফল প্রকাশ | ঃ ০১-০৬-২০২৫ইং রবিবার। |
| ব) | নির্বাচনী ফলাফলের বিরুদ্ধে আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের শেষ তারিখ ও সময়। | ঃ ০২-০৬-২০২৫ইং সোমবার সকাল ১১:০০টা। |
| ভ) | আপীল বোর্ড কর্তৃক নির্বাচনী ফলাফলের আপত্তির উপর শুনানি ও সিদ্ধান্ত গ্রহণ। | ঃ ০২-০৬-২০২৫ং সোমবার বিকাল ৫:০০টা। |

(খায়রুল বাসার সেলিম)
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

(মোঃ শরিফ উদ্দিন)
সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

(মোঃ শরিফুল ইসলাম)
সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

রেজিঃ নং-সি/৪৯১
৪১০১-বি ১৯৭৩-৭৪
৭১

# বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

## BANGLADESH MOTOR PARTS & TYRE TUBE MERCHANT'S ASSOCIATION

কেন্দ্রিয় কার্যনির্বাহী কমিটির দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬)(২০২৬-২০২৭)

**Election Office :** 9, North Brook Hall Road (1st Floor), Dhaka -1100, Bangladesh.
Phone : 47110402, E-mail : bmpttma@yahoo.com

Ref: বমপাস-নির্বাচন-১১/২০২৫ Date : ০৫-০৩-২০২৫ইং

বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতির সংঘ বিধি ও সরকার ঘোষিত টি. ও. রুলস ১৯৯৪ ও ৩১-০৭-২০০২ এর আওতায় দ্বি-বার্ষিক নির্বাচন বিধি।

০১) নির্বাচন অনুষ্ঠিত তারিখ হইতে ১২০ (একশত বিশ) দিন পূর্বে সদস্য হইয়াছেন এমন সদস্য উক্ত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা ও ভোটদান করিতে পারিবেন।

০২) নির্বাচন তারিখের পূর্ববর্তী ৬০ তম দিন পর্যন্ত সংগঠনের প্রাপ্য চাঁদা বকেয়া রহিয়াছে এমন সদস্য নির্বাচনে ভোটার হইতে পারিবেন না। কোন সহযোগী সদস্য ভোট প্রয়োগ করিতে পারিবেন না।

০৩) বৈধ ভোটার হইতে হলে ২০২৪-২০২৫ অর্থ বছরের সংগঠনের চাঁদা পরিশোধ করিতে হইবে এবং **E-TIN ( Tax Identification Number)** থাকিতে হইবে।

০৪) প্রাথমিক ভোটার তালিকায় কাহারো নাম অর্ন্তভুক্তি বা উহা হইতে বাদ দেওয়ার প্রয়োজন হইলে উক্ত তালিকা প্রকাশের ৬ (ছয়) দিনের মধ্যে নির্বাচন আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি জানাইবে। দাখিলকৃত আপত্তির ব্যাপারে নির্বাচিত সময়ের মধ্যে আপীল বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

০৫) প্রার্থীকে মনোনয়ন পত্র মূল্য বাবদ প্রতি মনোনয়নপত্রের জন্য নগদ ৭,০০০/-(সাতহাজার) টাকা (অফেরৎযোগ্য) প্রদান করিতে হইবে। নির্বাচন প্রার্থীকে মনোনয়ন পত্র জমাদানের সময় সমিতির অনুকুলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে নির্বাচন ফি বাবদ অবশ্যই ১৫,০০০/-(পনেরহাজার টাকা) জমা দিতে হইবে। প্রার্থীপদ প্রত্যাহার করিলে এই অর্থ ফেরতযোগ্য হইবে। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারীদের জন্য জমাকৃত ফি অফেরৎযোগ্য হইবে।

০৬) প্রার্থীকে মনোনয়ন পত্র দাখিলের সময় অবশ্যই ২০২৪-২০২৫ অর্থ বছরের আয়কর পরিশোধের সার্টিফিকেট ও হাল নাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হইবে।

০৭) কর্মকর্তা নির্বাচনে প্রার্থীকে মনোনয়ন পত্র মূল্য বাবদ প্রতি মনোনয়নপত্রের জন্য নগদ ৭,০০০/- (সাতহাজার) টাকা অফেরৎযোগ্য প্রদান করিতে হইবে। নির্বাচন প্রার্থীকে মনোনয়ন পত্র জমাদানের সময় সমিতির অনুকুলে সভাপতি মন্ডলী ৩৫,০০০/- (পঁয়ত্রিশহাজার), সম্পাদক মন্ডলী ২৫,০০০/- (পঁচিশহাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/নগদ মাধ্যমে নির্বাচন ফি বাবদ অবশ্যই জমা দিতে হইবে। প্রার্থীপদ প্রত্যাহার করিলে এই অর্থ ফেরতযোগ্য হইবে। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারীদের জন্য জমাকৃত ফি অফেরৎযোগ্য হইবে।

চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার
টিউব ব্যবসায়ী সমিতি
দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৭)ইং

সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার
টিউব ব্যবসায়ী সমিতি
দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৭)ইং

সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার
টিউব ব্যবসায়ী সমিতি
দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৭)ইং

বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি
**BANGLADESH MOTOR PARTS & TYRE TUBE MERCHANT'S ASSOCIATION**
কেন্দ্রিয় কার্যনির্বাহী কমিটির দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬)(২০২৬-২০২৭)
**Election Office :** 9, North Brook Hall Road (1st Floor), Dhaka -1100, Bangladesh.
Phone : 47110402, E-mail : bmpttma@yahoo.com

Ref : বামপাস-নির্বাচন-১১/২০২৫ Date : ০৫-০৩-২০২৫ইং

০৮) নির্বাচনের দিন ভোট দানের অধিকারী ভোটার সদস্যগন ব্যক্তিগতভাবে ভোট কেন্দ্রে উপস্থিত হইয়া ভোট প্রদান করিবে। প্রক্সি বা তাহার নিয়োজিত কোন প্রতিনিধির মাধ্যমে ভোট প্রদান করা যাইবে না।

০৯) কেবল মাত্র গোপন ব্যালটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হইবে।

১০) একজন ভোটার প্রত্যেক পদের জন্য অর্থাৎ মোট ২৫(পঁচিশ) জন সদস্যকেই ভোট দিতে হইবে। ইহার কমা বা বেশী হইলে ব্যালট বাতিল বলিয়া গণ্য হইবে।

১১) একাধিক প্রতিষ্ঠানের মালিক হইলে বা থাকিলে সে কেবলমাত্র একবার এবং একটাই ভোট প্রদান করিতে পারিবে।

১২) নির্বাচনে ভোট প্রদানের জন্য প্রত্যেক ভোটারকে ছবি সম্বলিত পরিচয়পত্র (আইডি কার্ড) প্রদান করা হইবে। (নির্বাচন বোর্ড কর্তৃক)

১৩) ভোটার তালিকায় নাম অর্ন্তভুক্ত নাই এমন কোন ব্যক্তি নির্বাচনে নিজে প্রার্থী বা বৈধ কোন প্রার্থীর প্রস্তাবকারী বা সমর্থনকারী হইতে পারিবে না।

১৪) কোন সদস্য ভুলবশতঃ প্রাথমিক ভোটার তালিকা ও চুড়ান্ত ভোটার তালিকা থেকে বাদ পড়িলে এবং উক্ত সদস্য নির্বাচন বোর্ডের বরাবর আবেদন করিলে নির্বাচন বোর্ড তাহা বিবেচনা করে তাঁহার ক্ষমতাবলে উক্ত সদস্যকে চুড়ান্ত ভোটার তালিকায় অর্ন্তভুক্ত করিতে পারিবে।

১৫) অনুরুপ ভাবে কোন সদস্য ভুল তথ্য দিয়ে প্রাথমিক ভোটার তালিকা ও চুড়ান্ত ভোটার তালিকায় অর্ন্তভুক্ত হয়েছেন এরুপ প্রমানিত হইলে নির্বাচন বোর্ড ক্ষমতাবলে উক্ত ভোটারকে চুড়ান্ত ভোটার তালিকা থেকে বাদ দিতে পারিবেন।

১৬) ২,০০০/- (দুইহাজার) টাকার বিনিময়ে ভোটার তালিকা সংগ্রহ করা যাইবে।

১৭) মনোনয়নপত্র বাছাই এর সময় প্রার্থী স্বয়ং অথবা তাহার প্রতিনিধি অথবা তাহার প্রস্তাব বা সমর্থনকারী উপস্থিত থাকিতে পারিবেন।

১৮) মনোনয়নপত্র অবশ্যই স্বচ্ছ ও পঠনযোগ্য ভাবে লিখিত হইতে হইবে। কোন রকম কাটাকাটি (**Over Writing**) বা অস্বচ্ছ বা অস্পষ্ট থাকিলে তা নির্বাচন বোর্ড কর্তৃক বাতিল বলিয়া গণ্য হইবে। ফটোকপি গ্রহণ যোগ্য নহে।

১৯) নির্বাচন সংক্রান্ত যাবতীয় নোটিশ/ বিজ্ঞপ্তি সমিতির বোর্ডে টাঙ্গানো হইবে।

২০) ঘোষিত নির্বাচন তফসিলের তারিখে কোন কারনে অফিস বন্ধ বা সরকারী ছুটি থাকিলে পরবর্তী দিন তফসিলের কর্মদিবস হিসাবে গণ্য হইবে।

চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার
টিউব ব্যবসায়ী সমিতি
দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৭)ইং

সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার
টিউব ব্যবসায়ী সমিতি
দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৭)ইং

সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার
টিউব ব্যবসায়ী সমিতি
দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৭)ইং

# বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

**BANGLADESH MOTOR PARTS & TYRE TUBE MERCHANT'S ASSOCIATION**
কেন্দ্রিয় কার্যনির্বাহী কমিটির দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬)(২০২৬-২০২৭)
**Election Office :** 9, North Brook Hall Road (1st Floor), Dhaka -1100, Bangladesh.
Phone : 47110402, E-mail : bmpttma@yahoo.com

Ref : বামপাস-নির্বাচন-১১/২০২৫ Date : ০৫-০৩-২০২৫ইং

২১) নমিনেশন ফরম সংগ্রহ ও জমা, ভোটার লিষ্ট সংগ্রহ এবং নির্বাচন সংক্রান্ত সকল লেনদেন কেন্দ্রীয় কার্যালয়ের মাধ্যমে করিতে হইবে।

## ২২) নির্বাচন সংক্রান্ত অতিরিক্ত বিধান সমূহ ঃ-

০১) নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ ও ২০০২ ইং এর আদেশের বিধান অনুযায়ী নির্বাচনের সকল কার্যক্রম পরিচালনা করিবে। কার্যনির্বাহী কমিটি নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে হস্তক্ষেপ করিতে পারিবেন না।

০২) নির্বাচনের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের প্রয়োজনে নির্বাচন বোর্ড এক বা একাধিক নির্বাচনী কর্মকর্তা নিযুক্ত করিতে পারিবেন, তবে কোন কার্যনির্বাহী সদস্য, প্রার্থী কিংবা মনোনয়নপত্রে প্রার্থীর প্রস্তাবক ও সমর্থক কাহাকেও নির্বাচন কর্মকর্তা নিয়োগ করা যাইবে না।

০৩) নির্বাচন তফসিল জারী করার পর হইতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্ন লিখিত আচরণ বিধি প্রযোজ্য হইবে যাহা লংঘিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্নপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাহার প্রার্থীপদ বাতিল করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যাইবে, যথা ঃ

### নির্বাচন প্রচারপত্র টি,ও, রুলস নং-এম,সি/অবা-৬/সি এ-৪/৪২২০ তাং ৩১-০৭-২০০২ এর নির্বাচন সংক্রান্ত অতিরিক্ত বিধান সংযুক্ত করা হইল।

ক) নির্বাচন উপলক্ষে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোষ্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।

খ) মিছিল করা শ্লোগান দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ থাকিবে।

গ) ভোটারদের নিকট কেবল মাত্র সাদাকালো A4 Size এর প্রচারপত্র প্রেরণ করা যাইবে, তবে কোন রকম উপ-ঢৌকন প্রেরণ করা যাইবেনা।

ঘ) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধ ভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিনিটি সেন্টারে প্রত্যেক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশ গ্রহণ করিতে পারিবেন না।

ঙ) নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে সকল প্রার্থীর পরিচিতি সভার আয়োজন করা যাইবে।

চ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচারনা সম্পূর্ণরুপে নিষিদ্ধ থাকিবে।

চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার
টিউব ব্যবসায়ী সমিতি
দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৭)ইং

সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার
টিউব ব্যবসায়ী সমিতি
দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৭)ইং

সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার
টিউব ব্যবসায়ী সমিতি
দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৭)ইং

রেজিঃ নং-সি/৪৯১
৪১০২-বি ১৯৭৩-৭৪
৭১

# বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

## BANGLADESH MOTOR PARTS & TYRE TUBE MERCHANT'S ASSOCIATION

কেন্দ্রিয় কার্যনির্বাহী কমিটির দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬)(২০২৬-২০২৭)

**Election Office :** 9, North Brook Hall Road (1st Floor), Dhaka -1100, Bangladesh.
Phone : 47110402, E-mail : bmpttma@yahoo.com

Ref : বামপাস-নির্বাচন-১১/২০২৫ | Date : ০৫-০৩-২০২৫ইং

ঝ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোষ্টার বহন সম্পূর্নরুপে নিষিদ্ধ থাকিবে।

ঞ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহিভূর্তভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবেন না।

**(খায়রুল বাসার সেলিম)**
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

**(মোঃ শরিফ উদ্দিন)**
সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি

**(মোঃ শরিফুল ইসলাম)**
সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি